



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/পটুয়াখালী-২৬৭/১০৮২৪

তারিখ: ২১.০৪.২০১৯ইং

বিষয় : মৃত্যুবরণ জনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার দুমকি উপজেলাধীন দুমকি ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসার চলমান ম্যানেজিং কমিটির সভাপতি মুক্তিযোদ্ধা আলহাজ্ব জনাব মো: জালাল আহমেদ মৃধা গত ২৮/১২/২০১৮ ইং তারিখে মৃত্যুবরণ করায় পদটি শূন্য হয়। মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে জনাব মাও. আ. মালেক কে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন করা হয়।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ১৩/০৮/২০১৮খ্রিঃ তারিখের নং-বামাশিবো/প্রশা/২২১১৮১০২২১০১/৮৩৭১/নথি নং-২৬৭ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদ ১২/০৮/২০২০ সময়ের জন্য জনাব মাও.আ. মালেক, পিতা-আবদুল লতিফ মৃধা কে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

সুপার
দুমকি ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা
পো: দুমকি, দুমকি, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশাসন/পটুয়াখালী-২৬৭/১০৮২৪

তারিখ: ২১.০৪.২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, পটুয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, দুমকি, পটুয়াখালী।
৪. জনাব মাও. আ. মালেক, সভাপতি, ম্যানেজিং কমিটি, দুমকি ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা, দুমকি, পটুয়াখালী।
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., দুমকি, পটুয়াখালী।
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মহোদয়ের অবগতির জন্য)।
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।



মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৯৬৭৪৮৭৪